

## 💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০

১/ বিবিধ

আরবী

إن الله يحب أن يرى عبده تعبا في طلب الحلال موضوع

رواه أبو منصور الديلمي في " مسند الفردوس " من حديث على رضي الله عنه مرفوعا، قال الحافظ العراقي (2 / 56): وفيه محمد بن سهل العطار، قال الدارقطني: يضع الحديث

قلت: وهذا من الأحاديث الموضوعة التي شان بها السيوطي كتابه " الجامع الصغير " خلافا لما تعهد به في مقدمته فقال: وصنته عما تفرد به وضاع أو كذاب، فإنه عفا الله عنا وعنه لم يف بما تعهد به، وفي النية إذا يسر الله لنا أن نتوجه إلى تطهيره من تلك الأحاديث وجمعها في كتاب خاص ونشره على الناس حتى يكونوا على حذر منها هذا وقد قال الشيخ عبد الرؤوف المناوي في شرحه لـ" الجامع، " فيض القدير " بعد أن نقل ما ذكرته عن العراقى: فكان ينبغى للمصنف حذفه

## বাংলা

১০। নিশ্চয় আল্লাহ তাঁর বান্দাকে হালাল রুযি অম্বেষণের উদ্দেশ্যে পরিশ্রান্ত অবস্থায় দেখতে ভালবাসেন। হাদীসটি জাল।

এটিকে আবু মানসূর দাইলামী "মুসনাদুল ফিরদাউস" গ্রন্থে আলী (রাঃ)-এর হাদীস হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন।



হাফিয ইরাকী (২/৫৬)বলেনঃ এটির সনদে মুহাম্মাদ ইবনু সাহাল আল-আত্তার নামক এক বর্ণনাকারী আছেন। তার সম্পর্কে দারাকুতনী বলেনঃ তিনি হাদীস জালকারী।

আমি (আলবানী) বলছিঃ এ হাদীসটি সেই সব হাদীসের একটি যেগুলোকে সুয়ূতী "জামেউস সাগীর" গ্রন্থে উল্লেখ করে তার গ্রন্থকে কালিমালিপ্ত করেছেন ভূমিকাতে উদ্ধৃত তার নিজ উক্তির বিরোধিতা করে, তিনি বলেছেনঃ

صنته عما تفرد به وضاع أو كذاب

'আমি কিতাবটি জালকারী ও মিথ্যুকের একক বর্ণনা হতে হেফাযাত করেছি।

এ গ্রন্থের ভাষ্যকার আব্দুর রউফ আল-মানবী "ফয়যুল কাদীর" গ্রন্থে বলেনঃ -জামেউস সাগীর" এর লেখকের হাদীসটিকে তার গ্রন্থ হতে মুছে ফেলা উচিত ছিল।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন